**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৩৮

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

**পরিপত্র-৫**

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষ্যে ছবিসহ ভোটার তালিকা ব্যবহার, রেজিস্ট্রেশন টিম, অপারেটর সংখ্যা ও টিম ব্যবহার, টিমের অন্যান্য সদস্য সংখ্যা, যন্ত্রপাতি ইত্যাদি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষ্যে ভোটার তালিকা ব্যবহার, রেজিস্ট্রেশন টিম, অপারেটর, রেজিস্ট্রেশন টিমের ব্যবহার ও টিমের অন্যান্য সদস্য সংখ্যা নির্ধারণ বিষয়ে বিশেষ নির্দেশনাসমুহ নিম্নরূপঃ

(ক) **তথ্য সংগ্রহকারীদের ভোটার তালিকা ব্যবহারঃ** মৃত ভোটারের নাম কর্তনের জন্য একসেট ছবিসহ ভোটার তালিকা (একাদশ জাতীয় সংসদ নির্বাচন বা উপজেলা পরিষদ নির্বাচনে অব্যবহৃত ভোটার তালিকা) তথ্যসংগ্রহকারীদের সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করা যেতে পারে। সরবরাহকৃত তালিকা মৃত ভোটারের নাম ও ভোটার নম্বর ফরম-১২এ সঠিকভাবে লিপিবদ্ধ করার কাজে তা ব্যবহৃত হবে। একই সাথে তারা সরবরাহকৃত ভোটার তালিকায় মৃত ব্যক্তির নম্বরটি মার্ক করে আনতে পারে। তবে তথ্য সংগ্রহ শেষে অবশ্যই অন্যান্য ফরমের সাথে এই তালিকাটি অফিসে জমা নিয়ে সংরক্ষণ করতে হবে।

(খ) **রেজিস্ট্রেশন টিমঃ** প্রত্যেকটি জেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক টিম গঠনের উল্লেখ রয়েছে, তবে টিমে প্রয়োজন অনুযায়ী অপারেটরের সংখ্যা কম বেশি হতে পারে। কাজেই একই জেলার এক টিমের সাথে আন্য টিমের অপারেটর সংখ্যা অপারেটর সংখ্যার সাথে মিল নাও থাকতে পারে।

(গ) **রেজিস্ট্রেশন টিম প্রতি অপারেটরের সংখ্যাঃ** সংশ্লিষ্ট জেলার উপজেলা/থানার সংখ্যা এবং ভোটার সংখ্যা অনুপাতে টিম সংখ্যা এবং অপারেটরের সংখ্যা প্রদান করা হয়েছে (পতাকা"ক")। তবে একই জেলার সকল টিমে সম সংখ্যক অপারেটর নাও থাকতে পারে । ইউনিয়ন এবং ভোটার সংখ্যা বিবেচনায় সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার প্রয়োজনমতে প্রাপ্ত BVRS সফটওয়্যার সম্পর্কে র‍্যাপটপ ও অন্যান্য ইকুইপমেন্টের পর্যাপ্ততা বিবেচনায় নিয়ে টিমে অপারেটর সংখ্যা ৪ হতে ১০ এর মধ্যে রাখতে পারবেন (পাহাড়ী এলাকার জন্য এ সংখ্যা ভিন্ন হতে পারে)।

(ঘ) **রেজিস্ট্রেশন টিমের ব্যবহারঃ** সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার কম ভোটার সম্পন্ন উপজেলা/থানায় একটি এবং আধিক ভোটার সংখ্যা সম্বলিত উপজেলা/থানায় কম সময়ে এবং প্রদত্ত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন করতে প্রয়োজনে একাধিক টিম বা অধিক সংখ্যক আপারেটর সম্পন্ন টিম নিয়োজিত করতে পারবেন। অধিক ভোটার বা বড় উপজেলা/থানায় এক টিম ব্যবহার করে নিবন্ধন করলে সময় এবং খরচ উভয়ই বেশী লাগবে যা পরিহার করতে হবে। প্রতিটি জেলার জন্য অবশ্যই নিবন্ধনের জন্য নির্ধারিত সময়সীমা যাতে আতিক্রম না করে সেভাবেই নিবন্ধন পরিকল্পনা করতে হবে। প্রতিটি জেলার জন্য কতটি টিম এবং কতজন অপারেটর কাজ করলে কতদিন সময় লাগবে তা গানিতিক হিসেব করেই কেন্দ্রীয় পরিকল্পনা এবং বাজেট প্রাক্কলন করা হয়েছে। এজন্য সকলকেই আন্তরিকভাবে এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে সময়সীমা ঠিক রেখে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে। তা না হলে বাজেট সমস্যাসহ নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ শেষ করা যাবে না এবং পরবর্তী খসড়া ভোটার তালিকা প্রস্তুতে সমস্যার সৃষ্টি হবে।

(ঙ) **টিমের অন্যান্য সদস্য সংখ্যাঃ** একটি টিমে অপারেটর ছাড়াও একজন করে টিম লিডার, একজন করে ডাটা এন্ট্রি সহকারী ও দুই বা প্রয়োজনে তিনজন করে প্রুফ রিডার রাখতে হবে। এছাড়া প্রতিটি উপজেলা/থানায় একজন টেকনিক্যাল সাপোর্ট থাকবে। একই জেলায় একাধিক উপজেলায় একযোগে নিবন্ধন চললে প্রতিটি উপজেলার জন্য আলাদা টেকনিক্যাল সাপোর্ট নিয়োগ দিতে হবে। এর বাইরে প্রতিটি অঞ্চলে একজন আঞ্চলিক টেকনিক্যাল এক্সপার্ট থাকবে যিনি আইডিয়া প্রকল্প হতে নিয়োগপ্রাপ্ত। এছাড়া অন্যান্য সকল সদস্য স্থানীয়ভাবে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারগণ নিয়োগ করবেন। বর্তমান হালনাগাদ কার্যক্রমে প্রুফ রিডারগণ নির্ধারিত অবশ্যকীয় ফিল্ডসমূহ নতুন করে ডাটা এন্ট্রি করবেন। ডাটা এন্ট্রি অপারেটরের এন্ট্রিকৃত তথ্যের সাথে মিল না থাকলে ল্যাপটপ/কম্পিউটারে সংকেত দিবে সেক্ষেত্রে তথ্য ২নং ফরমের সাথে ভালভাবে মিলিয়ে নিতে হবে। ডাটা এন্ট্রিতে দক্ষ প্রুফ রিডারকে নিয়োগ দিতে হবে এবং প্রুফ রিডারের সংখ্যা দুই এর অধিক রাখা সমীচীন হবে।

**(চ) নিবন্ধন পরিকল্পনাঃ** কেন্দ্রীয় গাইডলাইন অনুসরন করেপ্রতিটিজেলা থেকে আঞ্চলিক নির্বাচন অফিসারের সহায়তায় উপজেলা/থানাভিত্তিক নিবন্ধন পরিকল্পনা প্রস্তুত করে সচিবালয়কে অবহিত করতে হবে। প্রতিটি উপজেলা/থানার নিবন্ধনের পূর্বে ২-৩ দিন হাতে রেখে তার পূর্ববর্তী ৩ সপ্তাহ তথ্য সংগ্রহ করতে হবে। সকল উপজেলা/থানায় একযোগে তথ্য সংগ্রহ করার প্রয়োজন নেই। প্রতিদিন প্রতিটি উপজেলা/থানায় যতজন ডাটা এন্ট্রি অপারেটর কাজ করবে তত গুন ৭০ জন ভোটারকে একেকদিন নিবন্ধন কেন্দ্রে আমন্ত্রন জানাতে হবে। কোন ক্রমেই প্রথমদিকে এর চেয়ে বেশী সংখ্যক আবেদনকারীকে আমন্ত্রন জানানো সঠিক হবে না।

**(ছ) নিবন্ধনের সময় ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ এর প্রতিচ্ছবি গ্রহণঃ** স্মার্ট কার্ড বিতরণের সময়ে যেভাবে ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ নেয়া হয়েছিল এবারের হালনাগাদে একইভাবে নিবন্ধন কেন্দ্রে বায়োমেট্রিক হিসেবে ছবি ও স্বাক্ষরের পাশাপাশি ভোটারের ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ নিতে হবে এবং তা নিরাপদে সংরক্ষণ করতে হবে।

**(জ) নিবন্ধন কেন্দ্রে ডাটা এন্ট্রির পর আবশ্যকীয় ফিল্ডসমূহের যথাঃ নাম, পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম ও জন্ম তারিখ ইত্যাদি ডাটার একটি প্রিন্ট কপি ভোটারকে প্রুফ করে দেয়ার জন্য ব্যবস্থা থাকবেঃ** টাইপিং ভুল কমাতে এবারই প্রথম বারের মত ভোটারকে একটি প্রিন্ট কপি দেখাতে হবে এবং তাতে কোন ভুল থাকলে তা লিখে নিয়ে ভোটারের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং নিবন্ধন ফরমের সাথে শিক্ষা সনদ ও জন্মসনদের ন্যায় এটিও ডাটাবেজে স্ক্যান করে সংযুক্ত করে রাখতে হবে। এজন্য প্রতিটি রেজিস্ট্রেশন সেন্টারে একটি করে ডকুমেন্ট প্রিন্টার থাকবে যা নেটওয়ার্ক করে ব্যবহার করতে হবে।

**(ঝ) নিবন্ধন কার্যক্রমে ব্যবহৃত যন্ত্রপাতিঃ** ল্যাপটপ, আইরিশ, দশ আঙ্গুলের ফিংগার প্রিন্ট মেশিন ও অন্যান্য যন্ত্রপাতির ব্যবহার বর্তমানের হালনাগাদ কার্যক্রমে ব্যবহৃতব্য মেশিনসমূহ বিশেষ করে ল্যাপটপ, আইরিশ ও দশ আঙ্গুলের ফিংগার প্রিন্ট ক্যামেরা ইত্যাদি পর্যাপ্ত পরিমাণ উপজেলা/থানা নির্বাচন অফিসে/জেলা নির্বাচন অফিসসমূহে রয়েছে। এর অতিরিক্ত উপজেলা/থানাভিত্তিক ২টি করে ল্যাপটপ এবং ১টি করে প্রিন্টার প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায়, যেকোন জেলার অধীক্ষেত্রাধীন উপজেলা/থানায় প্রয়োজনীয় ইকুইপমেন্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার এবং জেলার ইকুইপমেন্ট জেলা হতে সরবরাহের অপ্রতুলতায় সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অন্য জেলা হতে সমন্বয় করে কার্যাদি সম্পাদন করবেন। যেসব উপজেলা/থানায় যেসব ল্যাপটপ/ডেক্সটপ অকেজো রয়েছে সেসব উপজেলা/থানার অকেজো ল্যাপটপের লাইসেন্স নতুন ল্যাপটপে ব্যবহার করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের আইটি শাখার সাথে যোগাযোগ ঠিক করে নিতে হবে। আর যেসব উপজেলা/থানায় সার্ভার নষ্ট, সেসব উপজেলা/থানায় নতুন সার্ভার সরবরাহ করা হবে।

**(ঞ) চলমান কার্যক্রমঃ** হালনাগাদের পাশাপাশি ও প্রবাসী বাংলাদেশীদের নতুন অন্তর্ভুক্তি এবং অন্যান্যদের কার্যক্রম চলমান রাখতে হবে। হালানাগাদ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীগণ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন। একাজের অতিরিক্ত কোন প্রবাসী কোন বাংলাদেশী ভোটার বা অন্য কোন ভোটার নতুন অন্তর্ভুক্তি, স্থানান্তর, কর্তন বা জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য উপজেলা/থানা নির্বাচন অফিসে হাজির হলে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষ নতুন অন্তর্ভুক্তি, স্থানান্তর, কর্তন বা জাতীয় পরিচয়পত্র সংশোধন চলমান রাখতে হবে। কোন অবস্থাতেই হালনাগাদের অজুহাতে অফিসের এসব কার্যক্রম বন্ধ রাখা যাবে না।

২। উপর্যুক্ত নির্দেশনাসমূহ অনুসরণ ও প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

২৪/৪/১৯

(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

উপজেলা/থানা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার,..............................(সকল)।

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব, ..................................................................(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৫। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড/বর্ডার গার্ড/, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার,...................................................(সকল)
৭। উপ মহাপুলিশ পরিদর্শক, .......................................(সংশ্লিষ্ট রেঞ্জ)

৮। মেট্রোপলিটন পুলিশ কমিশনার,...................মেট্রোপলিটন পুলিশ।
৯। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১০। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক শিক্ষা/উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১১। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩। যুগ্মসচিব ও পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১৪। যুগ্মসচিব ও পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১৬। পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৭। জেলা প্রশাসক,........................................(সকল)
১৮। পুলিশ সুপার,............................................(সকল)
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ......................................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
২০। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, ......................সার্কেল (সংশ্লিষ্ট)
২১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..........................(সকল)
২২। পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..............................জেলা/অঞ্চল (সংশ্লিষ্ট)
২৩। উপপরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫। উপজেলা চেয়ারম্যান ......................................(সংশ্লিষ্ট)
২৬। জেলা প্রাণি সম্পদ/মৎস্য অফিসার,......................(সংশ্লিষ্ট)
২৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২৮। জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি.......................(সংশ্লিষ্ট)
২৯। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,.......................(সকল)
৩০। উপজেলা নির্বাহী অফিসার, .........................(সংশ্লিষ্ট)
৩১। সার্কেল অফিসার, তেজগাঁও সার্কেল, ঢাকা
৩২। সহকারী কমিশনার (ভূমি), .........................(সংশ্লিষ্ট)
৩৩। মেয়র,..............................পৌরসভা
৩৪। সিনিয়র সহকারী/সহকারী পুলিশ সুপার,..............................সার্কেল (সংশ্লিষ্ট)
৩৫। কাউন্সিলর, ...............সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,...................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
৩৬। জেলা তথ্য/শিক্ষা/প্রাথমিক শিক্ষা অফিসার/মহিলা বিষয়ক কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)
৩৭। জেলা/আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)
৩৮। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, .........................(সংশ্লিষ্ট)
৩৯। উপজেলা কৃষি/প্রাণি সম্পদ/মৎস্য/শিক্ষা/পরিবার পরিকল্পনা/পরিসংখ্যান/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত/ আনসার ও ভিডিপি/সমবায়/সমাজ সেবা/প্রকল্প বাস্তবায়ন অফিসার, .........................(সংশ্লিষ্ট)
৪০। উপজেলা প্রকৌশলী, .........................(সংশ্লিষ্ট)
৪১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :-

১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মো: রফিকুল ইসলাম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে: জেনা: শাহাদাত হোসেন চৌধুরী (অব:) (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭ ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/৪/১৯

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৫৪৪।

স্মারক নং: ১৭.০০.০০০০.০২৫.৩২.০০৮.১৭.২১৮ তারিখ: ২২/০৪/২০১৯-এর অংশবিশেষ পতাকা "ক"

# ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি- ২০১৯

## উপজেলা/থানা ভিত্তিক কার্য সম্পাদনের জন্য টিম, অপারেটর সংখ্যা ও প্রয়োজনীয় নিবন্ধন দিন সংখ্যা

| ক্রঃ | জেলার নাম | ভোটার সংখ্যা | সম্ভাব্য নতুন ভোটার (২.৫X৪=১০%) | উপজেলা/থানার নাম ও সংখ্যা | | অপারেটর সংখ্যা | মোট টিম সংখ্যা | নিবন্ধন শেষ করার প্রয়োজনীয় দিন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | উপজেলা/থানার নাম | সংখ্যা | | | |
| | **রংপুর অঞ্চল** | | | | | | | |
| ১ | পঞ্চগড় | ৭০৯০৩৮ | ৫৩১৭৮ | **উপজেলা/থানা :** ১) সদর ২) দেবীগঞ্জ ৩) বোদা ৪) তেতুলিয়া ৫) অটোয়ারি | ৫ | ৬ | ১ | ১২৭ |
| ২ | ঠাকুরগাঁও | ৯৯৪১৪৭ | ৭৪৫৬১ | **উপজেলা/থানা :** ১) সদর ২) পীরগঞ্জ ৩) হরিপুর ৪) রাণী শংকাইল ৫) বালিয়াডাংগী | ৫ | ৮ | ১ | ১৩৩ |
| ৩ | দিনাজপুর | ২২০৬২৭১ | ১৬৫৪৭০ | **উপজেলা/থানা :** ১) সদর ২) পার্বতীপুর ৩) বোচাগঞ্জ ৪) বিরামপুর ৫) বিরল ৬) ঘোড়াঘাট ৭) হাকিমপুর ৮) নবাবগঞ্জ ৯) চিরিরবন্দর ১০) ফুলবাড়ী ১১) বীরগঞ্জ ১২) খানসামা ১৩) কাহারোল | ১৩ | ১৬ | ২ | ১৪৮ |
| ৪ | নীলফামারী | ১২৯০৭২১ | ৯৬৮০৪ | **উপজেলা/থানা :** ১) সদর ২) ডিমলা ৩) সৈয়দপুর ৪) জলঢাকা ৫) কিশোরগঞ্জ ৬) ডোমার | ৬ | ১০ | ২ | ১৩৮ |
| ৫ | লালমনিরহাট | ৯১৪৬৪৪ | ৬৮৫৯৮ | **উপজেলা/থানা :** ১) সদর ২) কালীগঞ্জ ৩) পাটগ্রাম ৪) হাতিবান্ধা ৫) আদিতমারী | ৫ | ৭ | ১ | ১৪০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | রংপুর | ২১৩৩২২৩ | ১৫৯৯৯২ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) তারাগঞ্জ ৩) পীরগঞ্জ ৪) কাউনিয়া ৫) পীরগাছা ৬) বদরগঞ্জ ৭) গঙ্গাচড়া ৮) মিঠাপুকুর | ৮ | ১৪ | ২ | ১৬৩ |
| ৭ | কুড়িগ্রাম | ১৫৪৫৯৭১ | ১১৫৯৪৮ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) রৌমারী ৩) উলিপুর ৪) রাজারহাট ৫) ভুরুংগামারী ৬) নাগেশ্বরী ৭) রাজিবপুর ৮) চিলমারী ৯) ফুলবাড়ি | ৯ | ১২ | ২ | ১৩৮ |
| ৮ | গাইবান্ধা | ১৭৮২৩৮০ | ১৩৩৬৭৯ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) গোবিন্দগঞ্জ ৩) ফুলছড়ি ৪) সুন্দরগঞ্জ ৫) পলাশবাড়ী ৬) সাদুল্লাপুর ৭) সাঘাটা | ৭ | ১২ | ২ | ১৫৯ |
| | **রাজশাহী অঞ্চল** | | | | | | | |
| ৯ | জয়পুরহাট | ৭০৪১২৪ | ৫২৮০৯ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) ক্ষেতলাল ৩) পাঁচবিবি ৪) আক্কেলপুর ৫) কালাই | ৫ | ৬ | ১ | ১২৬ |
| ১০ | বগুড়া | ২৫৪৪৫৭২ | ১৯০৮৪৩ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) দুপচাচিয়া ৩) সারিয়াকান্দি ৪) ধূনট ৫) নন্দীগ্রাম ৬) আদমদীঘি ৭) গাবতলী ৮) সোনাতলা ৯) শিবগঞ্জ ১০) শেরপুর ১১) শাজাহানপুর ১২) কাহালু | ১২ | ১৮ | ৩ | ১৫১ |
| ১১ | চাপাইনবাবগঞ্জ | ১১৭৪৫৯২ | ৮৮০৯৪ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) ভোলাহাট ৩) গোমস্তাপুর ৪) শিবগঞ্জ ৫) নাচোল | ৫ | ৮ | ১ | ১৫৭ |
| ১২ | নওগাঁ | ১৯৯৩১২৬ | ১৪৯৪৮৪ | **উপজেলা/থানা :** | ১১ | ১৮ | ৩ | ১১৯ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) সদর ২) পোরশা ৩) বদলগাছি ৪) সাপাহার ৫) পত্নীতলা ৬) ধামইরহাট ৭) মহাদেবপুর ৮) মান্দা ৯) নিয়ামতপুর ১০) আত্রাই ১১) রাণীনগর | | | | |
| ১৩ | রাজশাহী | ১৯৪০৭২৬ | ১৪৫৫৫৪ | **উপজেলা/থানা :**<br>১) বোয়ালিয়া ২) রাজপাড়া ৩) বাগমারা ৪) মোহনপুর ৫) দূর্গাপুর ৬) তানোর ৭) পবা ৮) পুঠিয়া ৯) চারঘাট ১০) গোদাগাড়ী ১১) বাঘা | ১১ | ১৪ | ২ | ১৪৯ |
| ১৪ | নাটোর | ১২৯৮৮৯৫ | ৯৭৪১৭ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) সিংড়া ৩) বাগাতিপাড়া ৪) বড়াইগ্রাম ৫) নলডাঙ্গা ৬) লালপুর ৭) গুরুদাসপুর | ৭ | ১২ | ২ | ১১৬ |
| ১৫ | সিরাজগঞ্জ | ২১৯৪৭৮৩ | ১৬৪৬০৯ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) তাড়াশ ৩) শাহজাদপুর ৪) চৌহালী ৫) রায়গঞ্জ ৬) উল্লাপাড়া ৭) বেলকুচি ৮) কাজীপুর ৯) কামারখন্দ | ৯ | ১৬ | ২ | ১৪৭ |
| ১৬ | পাবনা | ১৮৭৬২৮৯ | ১৪০৭২২ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) ঈশ্বরদী ৩) ভাংগুরা ৪) বেড়া ৫) ফরিদপুর ৬) আটঘরিয়া ৭) সাঁথিয়া ৮) সুজানগর ৯) চাটমোহর | ৯ | ১৪ | ২ | ১৪৪ |
| | **খুলনা অঞ্চল** | | | | | | | |
| ১৭ | মেহেরপুর | ৪৯৪৯১৩ | ৩৭১১৮ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) মুজিবনগর ৩) গাংনী | ৩ | ৬ | ১ | ৮৮ |
| ১৮ | কুষ্টিয়া | ১৪৫৮০৬৬ | ১০৯৩৫৫ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) দৌলতপুর ৩) খোকশা ৪) কুমারখালী ৫) মিরপুর ৬) ভেড়ামারা | ৬ | ১২ | ২ | ১৩০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯ | চুয়াডাঙ্গা | ৮৫১৮১৭ | ৬৩৮৮৬ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) দামুড়হুদা ৩) আলমডাঙ্গা ৪) জীবননগর | ৪ | ৮ | ১ | ১১৪ |
| ২০ | ঝিনাইদহ | ১৩৪০৬৫২ | ১০০৫৪৯ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) কোটচাঁদপুর ৩) কালীগঞ্জ ৪) শৈলকূপা ৫) মহেশপুর ৬) হরিণাকুন্ডু | ৬ | ১২ | ২ | ১২০ |
| ২১ | যশোর | ২০৮৯৮৩৫ | ১৫৬৭৩৮ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) অভয়নগর ৩) কেশবপুর ৪) বাঘারপাড়া ৫) মনিরামপুর ৬) ঝিকরগাছা ৭) শার্শা ৮) চৌগাছা | ৮ | ১৫ | ৩ | ১৪৯ |
| ২২ | মাগুরা | ৬৮৩৫৩০ | ৫১২৬৫ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) শ্রীপুর ৩) শালিখা ৪) মোহাম্মদপুর | ৪ | ৬ | ১ | ১২২ |
| ২৩ | নড়াইল | ৫৪৮৫৯৫ | ৪১১৪৫ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) কালিয়া ৩) লোহাগাড়া | ৩ | ৬ | ১ | ৯৮ |
| ২৪ | বাগেরহাট | ১১০৯৮৩১ | ৮৩২৩৭ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) শরণখোলা ৩) মোল্লাহাট ৪) কচুয়া ৫) মোড়লগঞ্জ ৬) রামপাল ৭) চিতলমারী ৮) মোংলা ৯) ফকিরহাট | ৯ | ১২ | ২ | ৯৯ |
| ২৫ | খুলনা | ১৭৯৬৩৪৫ | ১৩৪৭২৬ | **উপজেলা/থানা :**<br>১) খুলনা সদর ২) সোনাডাঙ্গা ৩) দৌলতপুর ৪) দীঘলিয়া ৫) রূপসা ৬) ফুলতলা ৭) ডুমুরিয়া ৮) দাকোপ ৯) তেরখাদা ১০) কয়রা ১১) পাইকগাছা ১২) বটিয়াঘাটা | ১২ | ১২ | ২ | ১৬০ |
| ২৬ | সাতক্ষীরা | ১৫৫৯২১১ | ১১৬৯৪১ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) তালা ৩) শ্যামনগর ৪) কালীগঞ্জ ৫) আশাশুনি ৬) কলারোয়া ৭) দেবহাটা | ৭ | ১০ | ২ | ১৬৭ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | **বরিশাল অঞ্চল** | | | | | | | |
| ২৭ | বরগুনা | ৬৮০৯৬৬ | ৫১০৭২ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) আমতলী ৩) বামনা ৪) তালতলী ৫) বেতাগী ৬) পাথরঘাটা | ৬ | ৭ | ১ | ১০৪ |
| ২৮ | পটুয়াখালী | ১১৮৮২৩৬ | ৮৯১১৮ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) দুমকী ৩) গলাচিপা ৪) দশমিনা ৫) মির্জাগঞ্জ ৬) রাঙ্গাবালী ৭) বাউফল ৮) কলাপাড়া | ৮ | ৮ | ১ | ১৫৯ |
| ২৯ | ভোলা | ১২৬১২০০ | ৯৪৫৯০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) মনপুরা ৩) লালমোহন ৪) বোরহান উদ্দিন ৫) তজুমুদ্দিন ৬) দৌলতখান ৭) চর ফ্যাশন | ৭ | ৮ | ১ | ১৬৯ |
| ৩০ | বরিশাল | ১৭৭৩৩৬৪ | ১৩৩০০২ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) আগৈলঝাড়া ৩) গৌরনদী ৪) বাকেরগঞ্জ ৫) বাবুগঞ্জ ৬) উজিরপুর ৭) মুলাদী ৮) বানারীপাড়া ৯) মেহেন্দীগঞ্জ ১০) হিজলা | ১০ | ১৬ | ২ | ১১৯ |
| ৩১ | ঝালকাঠি | ৪৬৫৯৮৭ | ৩৪৯৪৯ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) কাঠালিয়া ৩) নলছিটি ৪) রাজাপুর | ৪ | ৫ | ১ | ১০০ |
| ৩২ | পিরোজপুর | ৮২৪৮৩৭ | ৬১৮৬৩ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) মঠবাড়িয়া ৩) নাজিরপুর ৪) কাউখালী ৫) ভান্ডারিয়া ৬) নেছারাবাদ ৭) ইন্দুরকানি | ৭ | ৭ | ১ | ১২৬ |
| | **ফরিদপুর অঞ্চল** | | | | | | | |
| ৩৩ | গোপালগঞ্জ | ৮৭৫৯৩২ | ৬৫৬৯৫ | **উপজেলা/থানা :** | ৫ | ৬ | ১ | ১৫৬ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) সদর ২) টুংগীপাড়া ৩) কোটালীপাড়া ৪) কাশিয়ানী ৫) মুকসুদপুর | | | | |
| ৩৪ | মাদারীপুর | ৮৭২৫৩৩ | ৬৫৪৪০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) শিবচর ৩) কালকিনী ৪) রাজৈর | ৪ | ৬ | ১ | **১৫৬** |
| ৩৫ | শরিয়তপুর | ৮৫৭৭৮৮ | ৬৪৩৩৪ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) জাজিরা ৩) নড়িয়া ৪) ভেদরগঞ্জ ৫) ডামুড্যা ৬) গোসাইরহাট | ৬ | ৬ | ১ | **১৫৩** |
| ৩৬ | ফরিদপুর | ১৪১৭৯৪৫ | ১০৬৩৪৬ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) মধুখালী ৩) বোয়ালমারী ৪) আলফাডাংগা ৫) সদরপুর ৬) ভাংগা ৭) চর ভদ্রাসন ৮) নগরকান্দা ৯) সালথা | ৯ | ১২ | ২ | **১২৭** |
| ৩৭ | রাজবাড়ী | ৮০৭৬৮৩ | ৬০৫৭৬ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) বালিয়াকান্দি ৩) গোয়ালন্দ ৪) কালুখালী ৫) পাংশা | ৫ | ৬ | ১ | **১৪৪** |
| | **ঢাকা অঞ্চল** | | | | | | | |
| ৩৮ | মানিকগঞ্জ | ১১০৮২৬১ | ৮৩১২০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) শিবালয় ৩) সিংগাইর ৪) সাটুরিয়া ৫) ঘিওর ৬) দৌলতপুর ৭) হরিরামপুর | ৭ | ১০ | ২ | **১১৯** |
| ৩৯ | মুন্সীগঞ্জ | ১১৬১২০১ | ৮৭০৯০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) টংগীবাড়ী ৩) গজারিয়া ৪) শ্রীনগর ৫) লৌহজং ৬) সিরাজদীখান | ৬ | ১০ | ২ | **১২৪** |
| ৪০ | নরসিংদী | ১৫৫০২৮৪ | ১১৬২৭১ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) শিবপুর ৩) পলাশ ৪) মনোহরদী ৫) রায়পুরা ৬) বেলাবো | ৬ | ১২ | ২ | **১৩৮** |
| ৪১ | নারায়ণগঞ্জ | ২০৩৭৭১৬ | ১৫২৮২৯ | **উপজেলা/থানা :** | ৫ | ১৮ | ৩ | **১২১** |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) নারায়নগঞ্জ সদর ২) বন্দর ৩) রূপগঞ্জ ৪) আড়াইহাজার ৫) সোনারগাঁও | | | | |
| ৪২ | ঢাকা | ৭৭৬৫৪৭০ | ৫৮২৪১০ | **উপজেলা/থানা :**<br>১) রমনা ২) সবুজবাগ ৩) মতিঝিল ৪) কোতয়ালী ৫) তেজগাঁও ৬) লালবাগ ৭) মোহাম্মদপুর ৮) ধানমন্ডি ৯) ক্যান্টনমেন্ট ১০) পল্লবী ১১) ডেমরা ১২) সুত্রাপুর ১৩) মিরপুর ১৪) উত্তরা ১৫) গুলশান ১৬) ধামরাই ১৭) সাভার ১৮) দোহার ১৯) নবাবগঞ্জ ২০) কেরানীগঞ্জ | **২০** | ৪৮ | **৬** | **১৭৩** |
| ৪৩ | গাজীপুর | ২৪১৬৬৫৪ | ১৮১২৪৯ | **উপজেলা/থানা :**<br>১) গাজীপুর সদর ২) টঙ্গী ৩) কালিয়াকৈর ৪) কালিগঞ্জ ৫) শ্রীপুর ৬) কাপাসিয়া | **৬** | ১৮ | **৩** | **১৪৪** |
| | **ময়মনসিংহ অঞ্চল** | | | | | | | |
| ৪৪ | টাঙ্গাইল | ২৭৮০০০৪ | ২০৮৫০০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) মির্জাপুর ৩) সখীপুর ৪) ঘাটাইল ৫) বাসাইল ৬) দেলদুয়ার ৭) ধনবাড়ি ৮) কালিহাতি ৯) নাগরপুর ১০) গোপালপুর ১১) ভূয়াপুর ১২) মধুপুর | **১২** | ১৮ | **৩** | **১৬৫** |
| ৪৫ | জামালপুর | ১৭১১১৪২ | ১২৮৩৩৬ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) সরিষাবাড়ী ৩) মাদারগঞ্জ ৪) ইসলামপুর ৫) দেওয়ানগঞ্জ ৬) মেলান্দহ ৭) বকশীগঞ্জ ৮) বকশীগঞ্জ | **৮** | ১২ | **২** | **১৫৩** |
| ৪৬ | শেরপুর | ১০৩৩২০৮ | ৭৭৪৯১ | **উপজেলা/থানা :** | ৫ | ৭ | ১ | **১৫৮** |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) সদর ২) শ্রীবর্দী ৩) নকলা ৪) ঝিনাইগাতি ৫) নলিতাবাড়ী | | | | |
| ৪৭ | ময়মনসিংহ | ৩৭৪৭১৬৫ | ২৮১০৩৭ | **উপজেলা/থানা :** ১) সদর ২) ভালুকা ৩) ঈশ্বরগঞ্জ ৪) মুক্তাগাছা ৫) গফরগাঁও ৬) হালুয়াঘাট ৭) গৌরীপুর ৮) ফুলপুর ৯) ফুলবাড়িয়া ১০) তারাকান্দা ১১) ধোবাউড়া ১২) নান্দাইল ১৩) ত্রিশাল | **১৩** | ২৪ | **৪** | **১৬৭** |
| ৪৮ | নেত্রকোনা | ১৬০৩৬১৬ | ১২০২৭১ | **উপজেলা/থানা :** ১) সদর ২) কলমাকান্দা ৩) বারহাট্টা ৪) কেন্দুয়া ৫) দূর্গাপুর ৬) পূর্বধলা ৭) মদন ৮) খালিয়াজুরি ৯) আটপাড়া ১০) মোহনগঞ্জ | **১০** | ১২ | **২** | **১৪৩** |
| ৪৯ | কিশোরগঞ্জ | ২১২২৪৩৮ | ১৫৯১৮৩ | **উপজেলা/থানা :** ১) সদর ২) পাকুন্দিয়া ৩) হোসেনপুর ৪) বাজিতপুর ৫) করিমগঞ্জ ৬) কটিয়াদী ৭) ভৈরব ৮) নিকলী ৯) অষ্টগ্রাম ১০) কুলিয়ারচর ১১) ইটনা·১২) মিঠামইন ১৩) তাড়াইল | **১৩** | ১৮ | **৩** | **১২৬** |
| | **সিলেট অঞ্চল** | | | | | | | |
| ৫০ | সুনামগঞ্জ | ১৬৪৫৬৮১ | ১২৩৪২৬ | **উপজেলা/থানা :** ১) সদর ২) বিশ্বম্ভরপুর ৩) দিরাই ৪) শাল্লা ৫) তাহিরপুর ৬) জামালগঞ্জ ৭) ছাতক ৮) ধর্মপাশা ৯) দোয়ারাবাজার ১০) জগন্নাথপুর ১১) দক্ষিণ সুনামগঞ্জ | **১১** | ১২ | **২** | **১৪৭** |
| ৫১ | সিলেট | ২২৫০৫৪৬ | ১৬৮৭৯১ | **উপজেলা/থানা :** | **১৩** | ১৮ | **৩** | **১৩৪** |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) সদর ২) **ওসমানী নগর** ৩) কানাইঘাট ৪) বালাগঞ্জ ৫) গোয়াইনঘাট ৬) জকিগঞ্জ ৭) গোলাপগঞ্জ ৮) দক্ষিন সুরমা ৯) জৈন্তাপুর ১০) বিশ্বনাথ ১১) ফেঞ্চুগঞ্জ ১২) কোম্পানীগঞ্জ ১৩) বিয়ানীবাজার | | | | |
| ৫২ | মৌলভীবাজার | ১২৯৫৬০০ | ৯৭১৭০ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) কুলাউড়া ৩) জুড়ি ৪) রাজনগর ৫) বড়লেখা ৬) রাজনগর ৭) কমলগঞ্জ ৮) শ্রীমঙ্গল | ৮ | ১০ | ২ | ১৩৯ |
| ৫৩ | হবিগঞ্জ | ১৪২৪৪৩২ | ১০৬৮৩২ | **উপজেলা/থানা :**<br>১) সদর ২) বাহুবল ৩) আজমিরিগঞ্জ ৪) মাধবপুর ৫) বানিয়াচং ৬) চুনারুঘাট ৭) নবীগঞ্জ ৮) লাখাই | ৮ | ১০ | ২ | ১৫৩ |
| | **কুমিল্লা অঞ্চল** | | | | | | | |
| ৫৪ | ব্রাহ্মনবাড়িয়া | ১৯৪৩১৬২ | ১৪৫৭৩৭ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) নাসিরনগর ৩) নবীনগর ৪) বিজয়নগর ৫) কসবা ৬) আশুগঞ্জ ৭) আখাউড়া ৮) সরাইল ৯) বাঞ্ছারামপুর | ৯ | ১৪ | ২ | ১৪৯ |
| ৫৫ | কুমিল্লা | ৩৮৬২৯২১ | ২৮৯৭১৯ | **উপজেলা/থানা:**<br>১) আদর্শ সদর ২) সদর দক্ষিণ ৩) হোমনা ৪) মনোহরগঞ্জ ৫) চান্দিনা ৬) লাকসাম ৭) নাঙ্গালকোট ৮) বরুড়া ৯) মুরাদনগর ১০) চৌদ্দগ্রাম ১১) তিতাস ১২) বুড়িচং ১৩) লালমাই ১৪) ব্রাহ্মনপাড়া ১৫) দাউদকান্দি ১৬) দেবিদ্বার ১৭) মেঘনা | ১৭ | ২৮ | ৪ | ১৪৮ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫৬ | চাঁদপুর | ১৮০০৮৪২ | ১৩৫০৬৩ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) শাহরাস্তি ৩) হাজীগঞ্জ ৪) কচুয়া ৫) মতলব দক্ষিণ ৬) ফরিদগঞ্জ ৭) হাইমচর ৮) মতলব উত্তর | ৮ | ১৪ | ২ | ১৩৮ |
| ৫৭ | ফেনী | ১০৪৩২৪৯ | ৭৮২৪৪ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) পরশুরাম ৩) ফুলগাজী ৪) ছাগলনাইয়া ৫) সোনাগাজী ৬) দাগনভূঁইয়া | ৬ | ৮ | ১ | ১৪০ |
| ৫৮ | নোয়াখালী | ২১৪৩৯৩৫ | ১৬০৭৯৫ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) কোম্পানীগঞ্জ ৩) সেনবাগ ৪) কবিরহাট ৫) চাটখিল ৬) হাতিয়া ৭) বেগমগঞ্জ ৮) সুবর্ণচর ৯) সোনাইমুড়ি | ৯ | ১৫ | ৩ | ১৫৩ |
| ৫৯ | লক্ষ্মীপুর | ১২৩১৭৭৪ | ৯২৩৮৩ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) রায়পুর ৩) রামগঞ্জ ৪) কমলনগর ৫) রামগতি | ৫ | ১০ | ২ | ১৩২ |
| | **চট্টগ্রাম অঞ্চল** | | | | | | | |
| ৬০ | চট্টগ্রাম | ৫৬৩৯৪৭১ | ৪২২৯৬০ | **উপজেলা/থানা:**<br>১) ডবল মুরিং ২) পাহাড়তলী ৩) পাঁচলাইশ ৪) বন্দর ৫) কোতয়ালী ৬) চাঁদগাও ৭) রাঙ্গুনীয়া ৮) সন্দ্বীপ ৯) চন্দনাইশ ১০) ফটিকছড়ি ১১) কর্ণফুলী ১২) সাতকানিয়া ১৩) রাউজান ১৪) বোয়ালখালী ১৫) পটিয়া ১৬) মিরসরাই ১৭) হাটহাজারী ১৮) সীতাকুন্ড ১৯) আনোয়ারা ২০) লোহাগড়া ২১) বাঁশখালী | ২১ | ৩৫ | ৫ | ১৭৩ |
| ৬১ | কক্সবাজার | ১৩৬৩১৯৮ | ১০২২৪০ | **উপজেলা/থানা:** | ৮ | ১০ | ২ | ১৪৬ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১) সদর ২) কুতুবদিয়া ৩) উখিয়া ৪) মহেশখালী ৫) রামু ৬) চকরিয়া ৭) টেকনাফ ৮) পেকুয়া | | | | |
| ৬২ | খাগড়াছড়ি | ৪৪১৫২১ | ৩৩১১৪ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) লক্ষ্মীছড়ি ৩) পানছড়ি ৪) মহালছড়ি ৫) মাটিরাংগা ৬) রামগড় ৭) মানিকছড়ি ৮) দীঘিনালা ৯) গুইমারা | ৯ | ৪ | ১ | ১১৮ |
| ৬৩ | রাঙ্গামাটি | ৪১৯২০১ | ৩১৪৪০ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) কাউখালী ৩) বাঘাইছড়ি ৪) রাজস্থলী ৫) নানিয়ারচর ৬) কাপ্তাই ৭) জুরাছড়ি ৮) লংগদু ৯) বিলাইছড়ি ১০) বরকল | ১০ | ৪ | ১ | ১১২ |
| ৬৪ | বান্দরবান | ২৪৬৪২৩ | ২৪৬৪২ | **উপজেলা/থানা:**<br>১) সদর ২) আলীকদম ৩) নাইক্ষ্যংছড়ি ৪) রোয়াংছড়ি ৫) থানচি ৬) রোমা ৭) লামা | ৭ | ৪ | ১ | ৮৮ |
| মোট | | ১০৪০৫১৮৮৩ | ১০৪০৫১৮৮ | | ৫২০ | ৯৭৭ | ১৩৭ | ৯৪৪৩ |

V

- একই অঞ্চলের মধ্যে যন্ত্রপাতি সমন্বয়ের মাধ্যমে জেলার মধ্যে টিমের প্রয়োজনীয় যন্ত্রপাতির যোগান দিয়ে টিম পরিচালনা করতে হবে।